

ا ا Hud فود

আয়াতঃ ১১: ১১১

💵 আরবি মূল আয়াত:

وَ إِنَّ كُلًّا لَّمَّا لَيُوَفِّيَنَّهُم رَبُّكَ اَعمَالَهُم اللهُم اللهُ إِنَّهُ بِمَا يَعمَلُونَ خَبِيرٌ ﴿١١١﴾

△ ব অনুবাদসমূহ:

আর নিশ্চয় তোমার রব সবাইকে তাদের আমলের প্রতিদান পুরোপুরি দান করবেন। তারা যা আমল করে, অবশ্যই তিনি সে ব্যাপারে সবিশেষ অবহিত। — আল-বায়ান

এতে সন্দেহ নেই যে, তোমার প্রতিপালক প্রত্যেককেই তাদের 'আমালের প্রতিফল অবশ্য অবশ্যই পুরোপুরি দান করবেন, তারা যা করে সে বিষয়ে তিনি পূর্ণ ওয়াকিফহাল। — তাইসিরুল

আর নিশ্চিত এই যে, তোমার রাব্ব তাদেরকে তাদের কর্মের পূর্ণ অংশ প্রদান করবেন; নিশ্চয়ই তিনি তাদের কার্যকলাপের পূর্ণ খবর রাখেন। — মুজিবুর রহমান

And indeed, each [of the believers and disbelievers] - your Lord will fully compensate them for their deeds. Indeed, He is Acquainted with what they do. — Sahih International

১১১. আর নিশ্চয় আপনার রব তাদের প্রত্যেককে তার কর্মফল পুরোপুরি দেবেন। তারা যা করে তিনি তো সে বিষয়ে সবিশেষ অবহিত:

তাফসীরে জাকারিয়া

(১১১) আর নিশ্চিতরূপে তাদের প্রত্যেকের (সময় যখন এসে যাবে, তখন) অবশ্যই তোমার প্রতিপালক তাদেরকে তাদের কর্মফল পূর্ণরূপে প্রদান করবেন; নিশ্চয়ই তিনি তাদের কার্যকলাপের পূর্ণ খবর রাখেন।

তাফসীরে আহসানল বায়ান

Source — https://www.hadithbd.com/guran/link/?id=1584

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন